

প্রযুক্তির নাম: চার ফসল ভিত্তিক ফসলধারা গাজর-মিষ্টি কুমড়া+পুঁইশাক-রোপা আমন ধান  
মানিকগঞ্জের সিংগাইর অঞ্চলের একটি লাভজনক ফসলধারা



বিস্তারিত বিবরণ

প্রযুক্তির উপযোগিতা	:	উপযোগীতা অঞ্চল : সিংগাইর, মানিকগঞ্জ ও কৃষি পরিবেশ অঞ্চল-৮ এর অনুরূপ অঞ্চল। গবেষণা সময়কাল: ২০১৮-১৯।				
প্রযুক্তির ব্যবহারের তথ্য	:	ফসল বিন্যাসের বিবরণ				
		বিষয়	গাজর	মিষ্টি কুমড়া	পুঁইশাক	রোপা আমন ধান
		ফসল	গাজর	মিষ্টি কুমড়া	পুঁইশাক	রোপা আমন ধান
		জাত	জাপানীজ হাইব্রিড	লালতীর হাইব্রিড	বারি পুঁইশাক-২	বিনাধান-৭
		বপন/রোপন দূরত্ব (সেমি.)	ছিটিয়ে বপন	২.৫ মি. x ২.৫ মি	ছিটিয়ে বপন	২৫ সে. মি. x ১৫ সে. মি
		বপন/রোপন সময়	২৫ অক্টোবর হতে ১৫ নভেম্বর	১-২০ ফেব্রুয়ারী	১-২০ ফেব্রুয়ারি	১৫-৩০ জুলাই
		সারের মাত্রা (কেজি/হেক্টর)				
		ইউরিয়া	২১৫	২৪০	০	১৯৫
		টিএসপি	১৫০	১৯০	০	৭৫
		এমওপি	২০০	১০২	০	৭০
	জিপসাম	১০০	৫০	০	৬৬	
	জিংক সালফেট	৫	১০	০	২.৮	
	বরিক এসিড	৫.৮৮	০	০	০	
	সার প্রয়োগ পদ্ধতি	ইউরিয়ার এক তৃতীয়াংশ এবং বাকি সকল সার শেষ জমির প্রস্তুতির সময় এবং বাকি ইউরিয়া সমান দুইভাগে ভাগ করে ২৫ ও ৪৫ দিন পর উপরি প্রয়োগ	ইউরিয়া বাদে পটাশ এক তৃতীয়াংশ এবং সকল সার শেষ চাষের সময় মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। ইউরিয়া সমান ৫ ভাগ করে ১০, ২৫, ৬০, ১১০ ও ১৩০ দিন পর এবং বাকি পটাশ সমান দুই ভাগ করে ৬০ ও ১১০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে।		ইউরিয়ার এক তৃতীয়াংশ ও বাকি সকল সার জমি শেষ প্রস্তুতির সময় ছিটিয়ে দিতে হবে এবং বাকি ইউরিয়া সমান দুইভাগ করে ২০ ও ৩৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে।	

	ফসলের আন্তঃ পরিচর্যা	গাজরের আগাছা পরিষ্কারের জন্য প্রায় দুটি নিড়ানীর প্রয়োজন হবে। গাজরের বৃদ্ধির জন্য বৃদ্ধিকারক হরমোন (পিজিআর) প্রয়োগ করতে হবে। পুঁইশাকের জমি ৩০ দিন পর্যন্ত আগাছা মুক্ত রাখতে হবে। ধানের জমিতে আগাছা মুক্ত রাখতে ১০-১৫ সেন্টি মিটার পর্যমত্ন পানি রাখতে হবে			
	মাঠে ফসলের সময়কাল	২৮ অক্টোবর হতে ৩০ জানুয়ারী (প্রায় ৯৫ দিন)	৫ ফেব্রুয়ারী হতে ১০ জুলাই (প্রায় ১৫৫ দিন)	৫ ফেব্রুয়ারী হতে ১৬ এপ্রিল (প্রায় ৬০ দিন)	২০ জুলাই হতে ১৫ অক্টোবর (প্রায় ৮৬ দিন)
	দুই ফসলের মধ্যবর্তী সময় (২৯ দিন)	৬ দিন	১০ দিন	-	১৩ দিন
প্রযুক্তি হতে ফলন	ফলন (টন/হেক্টর)	৫৬.৯৬	২৮.৫০	১৮.৯৯	৫.২২
	লাভক্ষরিত	মোট আয়	:	হেক্টর প্রতি টাকা = ১১,১৮,২২২/-	
	বিবরণ	উৎপাদন ব্যয়	:	হেক্টর প্রতি টাকা = ৫,৮০,০৫৫/-	
		মোট মুনাফা	:	হেক্টর প্রতি টাকা = ৫,৩৮,১৬৭/-	

### প্রযুক্তির বৈশিষ্ট্য

মানিকগঞ্জের সিংগাইর উপজেলায় গাজর একটি প্রধান অর্থকরী ফসল। গাজর ২০ অক্টোবর থেকে ১৫ নভেম্বর বপনের পর ২০ জানুয়ারী থেকে ১৫ ফেব্রুয়ারী উত্তোলন করা হয়। ফেব্রুয়ারী মাসে মিষ্টি কুমড়া বপন করা হয়। ফেব্রুয়ারী থেকে এপ্রিল পর্যমত্ন মিষ্টি কুমড়ার চারা ছোট থাকায় মিষ্টি কুমড়ার মাচার নীচে জমি পতিত থাকে এবং সহজেই আমত্নঃ ফসল হিসেবে পুঁইশাক চাষ করা সম্ভব। মাঠে পুঁইশাকের সময়কাল ৫০-৬০ দিন। মিষ্টি কুমড়া মাঠে থাকা অবস্থায় অন্যত্র স্বল্পমেয়াদী বিনা ধান-৭ (মাঠের সময়কাল ৮৬ দিন) এর বীজতলায় চারা উৎপাদন করা হয়। চারার বয়স ২০-২৫ দিন। পাকা ধান সংগ্রহের পরও গাজরের জমি তৈরী ও বীজ বপনের জন্য পর্যাপ্ত সময় পাওয়া যায়। চার ফসল ভিত্তিক নতুন ফসল বিন্যাসে (গাজর-মিষ্টি কুমড়া-পুঁইশাক-রোপা আমন ধান) কৃষকের প্রচলিত গাজর-মিষ্টি কুমড়া--রোপা আমন ধান ফসল বিন্যাসের তুলনায় ধানের সমতুল্য ফলন ৪৪.৪৯% বৃদ্ধি করা সম্ভব। গবেষণালব্ধ চার ফসল ভিত্তিক ফসল বিন্যাসে উৎপাদন দক্ষতা ৪১% এবং কৃষকের নিট মুনাফা ১১৪.৫৩% বৃদ্ধি পেয়েছে। এতে ফসলের নিবিড়তা ও সামগ্রিক উৎপাদনশীলতা বৃদ্ধি এবং কৃষক অর্থনৈতিকভাবে লাভবান হবে।